

জনাব মোঃ নুরুন্নবী সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(২য় শ্রেণি), প্রধান কার্যালয় এর নামে
রুজুকৃত ১১/২০২১ নং মামলার আদেশ।

অদ্য ধার্য তারিখ। সরকার পক্ষ হাজির। বিবাদী পক্ষ হাজির নেই। তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। জনাব মোঃ নুরুন্নবী সরকার প্রাক্তন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(সাময়িক বরখাস্ত) ২য় শ্রেণি, বান্দরবান সদর, বান্দরবান এর বিরুদ্ধে অভিযোগ তাকে বাঘাইছড়ি, রাজামাটি থেকে বান্দরবান সদর উপজেলায় বদলী করা হলে এবং ঐ কর্মস্থলে প্রশাসনিক কারনে ০৬.০৫.২০২১ তারিখ থেকে তাৎক্ষণিক অবমুক্তির আদেশ দেয়া হলে তিনি লিখিতভাবে জানান কোনভাবেই বদলীকৃত কর্মস্থলে যোগদান করা সম্ভব নয়। তাকে ২৮.০৫.২০২১ তারিখের মধ্যে নতুন কর্মস্থলে যোগদানের জন্য আদেশ দেয়া হলেও ডিআরআরও বান্দরবান জানান ৩১.০৫.২০২১ তারিখ পর্যন্ত ঐ কর্মস্থলে যোগদান করেন নি। ফলে তাঁর বিরুদ্ধে কর্তৃপক্ষের ন্যায় সজ্ঞাত আদেশ অমান্য করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ধারায় অসদাচরণের জন্য বিভাগীয় মামলা রুজু করা হয়। ব্যক্তিগত শুনানীর পর তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন কারন দর্শানোর জবাবের ভাষা গ্রহণযোগ্য নয় এবং নির্ধারিত তারিখে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের আদেশ অমান্য করেছেন। অভিযুক্ত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (২য় শ্রেণি) জনাব মোঃ নুরুন্নবী সরকারকে কর্তৃপক্ষের ন্যায় সংগত আদেশ অমান্য করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) ধারায় দোষী সাব্যস্ত করে একই বিধিমালা ৪(২) এর (খ) ধারা মতে লঘুদণ্ড হিসেবে দুইটি বার্ষিক বর্ধিত বেতন দুই বছরের জন্য স্থগিত করা হলো। তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময় ছুটিকাল হিসেবে গণ্য হবে। তাঁর অর্জিত ছুটি হতে বাদ যাবে। সেভাবে ছুটির হিসাব নিয়ে ব্যক্তিগত নথিতে উপস্থাপন করুন।

স্বাক্ষরিত/
৩০.০৯.২০২১
(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রশাসন-১ অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.১৮.৩৩৩.১০. ৫৬২

তারিখঃ ১০.১০.২০২১খ্রি।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলাপ্রশাসক, বান্দরবান /রাজামাটি।
- ০৪। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বান্দরবান সদর / বাঘাইছড়ি, রাজামাটি।
- ০৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বান্দরবান / রাজামাটি।
- ০৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বান্দরবান /রাজামাটি।
- ১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, বান্দরবান সদর / বাঘাইছড়ি, রাজামাটি।
- ১১। জনাব মোঃ নুরুন্নবী সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

 ২০.১০.২০২১

(ড.মোঃ হাবিব উল্লাহ বাহার)

(উপসচিব)

উপপরিচালক (প্রশাসন-১)

ফোন-৯৮৬১৩৬০

